# Delhi Public School, Howrah

**PERIODIC ASSESSMENT-II (2025-2026)**

**Class- IX**

***Care must be taken not to write anything on the question paper. All the questions must be attempted in the correct sequence.***

**Subject: - BENGALI (005)**

**Time: -3 HOURS** **F.M.-80**

## PART – A: Objective type Questions (MCQ): 25 Marks

## Section – A (Reading: Unseen Comprehension)

1. **নিম্নলিখিত অনুচ্ছেদগুলি পড়ে নীচের প্রদত্ত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে লেখ।** [3x(1x4)=12]

A. পুরনো কলকাতা ছিল একান্তই এক অন্যরকম শহর। রাজপথে ছিল ঘোড়ার গাড়ি, ট্রাম চলত ঘণ্টার শব্দে, আর সন্ধ্যেবেলায় কেরোসিনের আলোয় আলোকিত হতো রাস্তাঘাট। শহরের পাড়াগুলো ছিল যেন একেকটি ছোট গ্রাম। প্রতিবেশীরা ছিল পরিবারের মতো।

সকালে দুধওয়ালা, কাকভোরে রাঁধুনির হাঁক, পাড়ার মোড়ে সংবাদপত্র বিতরণকারীর ঘণ্টাধ্বনি—এসবই ছিল কলকাতার নিত্যদিনের চেনা দৃশ্য। গলির মোড়ে বসত হালকা কাঠের বেঞ্চি-ওয়ালা চা-দোকান, যেখানে ভোর থেকে শুরু হতো আড্ডা আর তর্ক-বিতর্ক। অফিসপাড়ায় হুজুগে বাঙালি কেরানি লুঙ্গি ছেড়ে পাজামা-পাঞ্জাবিতে, কাঁধে ঝোলা ব্যাগ নিয়ে ছুটতেন লালবাজার বা ধর্মতলার দিকে।

পাড়ার লাইব্রেরি ছিল এক বিশেষ আকর্ষণ। সেখানে ছাত্র, অবসরপ্রাপ্ত বৃদ্ধ, এমনকি গৃহিণীরাও বই নিয়ে বসতেন। গ্রন্থ পড়ার প্রতি এই টানই কলকাতাকে গড়ে তুলেছিল জ্ঞান আর সংস্কৃতির রাজধানী হিসেবে। পুজোর সময়ে উঠত পাড়ার প্যান্ডেল, সবাই মিলে চাঁদা তুলত, মহালয়ার ভোরে বেতারে মহিষাসুরমর্দিনী শোনা হতো নিঃশব্দে, রেডিওর চারপাশে বসে।

কিন্তু পুরনো কলকাতার আসল সৌন্দর্য ছিল মানুষের হৃদয়ের উষ্ণতায়। রিকশাওয়ালার অসুস্থতায় পাড়ার লোকেরা তার পাশে দাঁড়াত, প্রতিবেশীর মৃত্যুতে সবাই একসাথে শোক প্রকাশ করত। আজকের কলকাতা হয়তো প্রযুক্তিতে অনেক এগিয়ে গেছে, কিন্তু সেই সরলতা, আন্তরিকতা, আর একে অপরের প্রতি টান—এসবই ছিল পুরনো কলকাতার অমূল্য সম্পদ। সময়ের সঙ্গে সঙ্গে কলকাতা বদলেছে, কিন্তু হৃদয়ের কলকাতা আজও বহু বাঙালির স্মৃতির অন্দরমহলে বেঁচে আছে।

I. পুরনো কলকাতার সন্ধ্যাবেলায় রাস্তাঘাট কীভাবে আলোকিত হতো?

A) বৈদ্যুতিক আলোয়

B) কেরোসিন বাতিতে

C) মোমবাতির আলোয়

D) ট্রাফিক আলোয়

II. মন্তব্যঃ লেখক পুরনো কলকাতাকে ‘হৃদয়ের কলকাতা’ বলেছেন।

কারণ: পুরনো কলকাতায় ছিল আন্তরিকতা, পরস্পরের প্রতি টান, প্রতিবেশীদের মধ্যে বন্ধন, যা এখনও বাঙালির মনে জীবন্ত হয়ে আছে।

A) মন্তব্য সত্য এবং কারণটি সঠিক ব্যাখ্যা।

B) মন্তব্য সত্য কিন্তু কারণটি সঠিক ব্যাখ্যা নয়।

C) মন্তব্য ভুল, কিন্তু কারণটি সত্য।

D) মন্তব্য ও কারণ উভয় মিথ্যা।

III. পুরনো কলকাতার লাইব্রেরিতে কারা বই পড়তেন?

A) শুধু ছাত্ররা

B) শুধু অবসরপ্রাপ্ত লোকেরা

C) শুধু গৃহিণীরা

D) সকলে

IV. "শহরের পাড়াগুলো ছিল যেন একেকটি ছোট গ্রাম।" — বাক্যটি কী ধরণের বাক্য চিহ্নিত কর।

A) যৌগিক বাক্য।

B) জটিল বাক্য।

C) সরল বাক্য।

D) কোনটিই নয়।

B. কলকাতার সংস্কৃতির ইতিহাসে "যাত্রাপালা" এক অবিচ্ছেদ্য অংশ। বিংশ শতাব্দীর প্রথমার্ধে যখন সিনেমা বা টেলিভিশনের এত বিস্তার হয়নি, তখন সাধারণ মানুষের অন্যতম বিনোদনের মাধ্যম ছিল এই যাত্রা। বিশেষ করে দুর্গাপুজো, কালীপুজো কিংবা বারোয়ারি অনুষ্ঠান উপলক্ষে কলকাতার নানা পাড়ায় বসত যাত্রার আসর। খোলা মাঠে বা কোনো ক্লাবঘরের সামনে তৈরি হতো অস্থায়ী মঞ্চ, আর সেখানেই পরিবেশিত হতো পৌরাণিক, ঐতিহাসিক বা সামাজিক যাত্রাপালা।

যাত্রার মূল আকর্ষণ ছিল তার সংলাপ আর অভিনয়ের ভঙ্গি। নায়ক-নায়িকার আবেগপূর্ণ উচ্চারণ, ভিলেনের অতিনাটকীয় প্রবেশ, কুয়াশাভরা ধোঁয়ার মধ্য দিয়ে নাটকের শুরু—সবই ছিল দর্শকদের এক অনন্য অভিজ্ঞতা। অনেক সময় রাতভর চলত যাত্রাপালা, আর দর্শকরা চাদর, গামছা বিছিয়ে বসে থাকতেন আগ্রহভরে। ছোট ছেলেমেয়েরা গুটিগুটি পায়ে বাবা-মায়ের সঙ্গে যাত্রা দেখতে যেত, আর ঘরে ফিরত সেই কাহিনি মুখস্থ করে।

যাত্রা কেবল বিনোদন নয়, অনেক সময় তা ছিল সামাজিক বার্তা পৌঁছে দেওয়ার মাধ্যম। নারী শিক্ষা, দুর্নীতি, সাম্প্রদায়িক সম্প্রীতি—এমন নানা বিষয় যাত্রার মাধ্যমে উপস্থাপন করা হতো। দর্শকরা নাটক উপভোগের সঙ্গে সঙ্গে চিন্তা করতেন, প্রশ্ন তুলতেন। এইভাবেই যাত্রা হয়ে উঠেছিল এক চলমান গণশিক্ষার মঞ্চ।

কালের পরিবর্তনে যাত্রার জনপ্রিয়তা কিছুটা হ্রাস পেয়েছে। আধুনিক বিনোদন মাধ্যম এসে অনেকের মনোযোগ কেড়েছে, তবু এখনো কিছু যাত্রাদল শহরতলি কিংবা গ্রামাঞ্চলে অনুষ্ঠান করে। সম্প্রতি আবার যাত্রাকে আধুনিক রূপ দিয়ে তরুণ প্রজন্মকে আকৃষ্ট করার চেষ্টা চলছে। নতুন প্রযোজনা, আধুনিক আলো-সাউন্ড আর নতুন গল্পের মাধ্যমে যাত্রার জগতে এসেছে নতুন প্রাণ। কলকাতার যাত্রাপালা শুধু এক ধরনের নাটক নয়, এটি বাঙালির সাংস্কৃতিক স্মৃতি, আবেগ আর ঐতিহ্যের অঙ্গ। এই ঐতিহ্যকে বাঁচিয়ে রাখা আমাদের দায়িত্ব, যাতে আগামী প্রজন্মও এই বিশিষ্ট শিল্পরূপকে চিনতে ও শ্রদ্ধা করতে পারে।

I. কলকাতার যাত্রাপালার মূল আকর্ষণ কী ছিল?

A) বড় পর্দা

B) অভিনয়ের ভঙ্গি ও সংলাপ

C) ডিজিটাল প্রক্ষেপণ

D) খাওয়াদাওয়া

II. যাত্রাপালায় কোন কোন বিষয় উপস্থাপন করা হতো?

A) শুধুমাত্র পৌরাণিক কাহিনি

B) শুধুমাত্র হাস্যরসাত্মক ঘটনা

C) পৌরাণিক, ঐতিহাসিক ও সামাজিক বিষয়

D) কেবল যুদ্ধের কাহিনি

III. মন্তব্যঃ লেখক যাত্রাপালাকে "চলমান গণশিক্ষার মঞ্চ" বলেছেন।

কারণ: যাত্রা কেবল বিনোদন নয়, অনেক সময় তা ছিল সামাজিক বার্তা পৌঁছে দেওয়ার মাধ্যম।

A) মন্তব্য সত্য এবং কারণটি সঠিক ব্যাখ্যা।

B) মন্তব্য সত্য কিন্তু কারণটি সঠিক ব্যাখ্যা নয়।

C) মন্তব্য ভুল কিন্তু কারণ সত্য।

D) মন্তব্য ও কারণ উভয় মিথ্যা।

IV. "ছোট ছেলেমেয়েরা গুটিগুটি পায়ে বাবা-মায়ের সঙ্গে যাত্রা দেখতে যেত।" — বাক্যটি কী ধরনের বাক্য?

A) নঞর্থক

B) কার্য কারণ

C) নির্দেশক

D) অনুজ্ঞাবাচক

C. ঠাকুরবাড়ি মানেই বাঙালির আবেগ, ঐতিহ্য আর গর্বের প্রতীক। তবে অনেকে জানেন না যে, ঠাকুরবাড়ির ইতিহাস শুধু রবীন্দ্রনাথ ঠাকুর বা তার সাহিত্যেই সীমাবদ্ধ নয়, এর গভীরে লুকিয়ে আছে এক বিস্ময়কর ঐতিহ্য ও সংগ্রামের কাহিনি।

ঠাকুরবাড়ির গোড়াপত্তন হয়েছিল ১৮শ শতকের মাঝামাঝি। প্রথমে 'ঠাকুর' উপাধি ছিল না, তাঁদের আসল পদবি ছিল 'কুশারী'। পূর্ববঙ্গ থেকে কলকাতায় এসে তাঁরা বসতি স্থাপন করেন এবং ধীরে ধীরে এক প্রভাবশালী জমিদার পরিবারে পরিণত হন।

দেবেন্দ্রনাথ ঠাকুর ছিলেন ঠাকুরবাড়ির পুনর্গঠনের অন্যতম স্থপতি। তিনি কেবল শিক্ষিত জমিদার ছিলেন না, ছিলেন ব্রাহ্ম সমাজ আন্দোলনের অন্যতম নেতা। এই বাড়িতেই তিনি গড়ে তুলেছিলেন 'তত্ত্ববোধিনী সভা', যা পরে আধুনিক ভারতের জাগরণের পথপ্রদর্শক হয়ে ওঠে।

অনেকে জানেন না, ঠাকুরবাড়ির অনেক মহিলাও সমাজ সংস্কারে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন। রবীন্দ্রনাথের মা সারদাসুন্দরী দেবী ছিলেন খুব ধর্মপরায়ণা, কিন্তু মেয়েদের শিক্ষা নিয়ে তিনি ছিলেন বেশ অগ্রসর চিন্তাভাবনার। এমনকি, রবীন্দ্রনাথের ছোটো ভাই জ্যোতিরিন্দ্রনাথের স্ত্রী কাদম্বিনী দেবী প্রথম বাঙালি নারী হিসেবে ব্রাহ্ম সমাজে সঙ্গীত পরিবেশন করেন।

ঠাকুরবাড়ি ছিল সাংস্কৃতিক আন্দোলনের কেন্দ্রবিন্দু। নাটক, সংগীত, সাহিত্য, চিত্রকলা—সবকিছুর চর্চা হতো এখানে। বিশ্বভারতীর আদর্শ ও ভাবনার বীজও এখানে রোপিত হয়েছিল।

আজও যাঁরা জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে যান, তাঁরা শুধু একটি জাদুঘর দেখেন না, তাঁরা অনুভব করেন ইতিহাস, আবেগ, এবং একটি যুগান্তকারী পরিবারের ঐতিহ্যকে। ঠাকুরবাড়ি শুধু একক ব্যক্তি নয়—একটি যুগ, একটি আন্দোলন, একটি নবজাগরণের নাম।

I. ঠাকুরবাড়ির মূল পদবি কী ছিল?

A) মুখার্জী

B) বন্দ্যোপাধ্যায়

C) কুশারী

D) ঠাকুর

II. ঠাকুরবাড়ির কোন মহিলার সংগীত পরিবেশনের উল্লেখ আছে?

A) সারদাসুন্দরী দেবী

B) মৃণালিনী দেবী

C) কাদম্বিনী দেবী

D) মৃণাময়ী দেবী

III. মন্তব্যঃ ঠাকুরবাড়ি 'একটি নবজাগরণের নাম'।

কারণ: বিশ্বভারতীর আদর্শ ও ভাবনার বীজও এখানে রোপিত হয়েছিল।

A) মন্তব্য সত্য কিন্তু কারণটি সঠিক ব্যাখ্যা নয়।

B) মন্তব্য ভুল কিন্তু কারণটি সঠিক ব্যাখ্যা ।

C) মন্তব্য ও কারণ উভয় সত্য।

D) মন্তব্য ও কারণ উভয় মিথ্যা।

IV. "ঠাকুরবাড়ি ছিল সাংস্কৃতিক আন্দোলনের কেন্দ্রবিন্দু।" — বাক্যটিতে 'কেন্দ্রবিন্দু' কোন ধরনের পদ?

A) বিশেষ্য

B) বিশেষণ

C) ক্রিয়া

D) সর্বনাম

## Section-B: Grammar: (MCQ)

**2. সঠিক উত্তরটি নির্বাচন কর। (যে কোনো তিনটি)** (1x3=3)

I. নাটক অভিনয় হবে। -বাক্যটির সঠিক রূপ নীচের কোনটি?

A) নাটকটির অভিনয় হবে।

B) নাটক অভিনীত হবে।

C) নাটকের অভিনয় হবে।

D) নাটকটির অভিনয় করা হবে।

II. নীচের কোনটি সঠিক তা লেখ।

A) সরস্বতি

B) স্বরসতী

C) স্বরস্বতী

D) সরস্বতী

III. আমাদের মধ্যে ঐক্যতা নেই। -বাক্যটির সঠিক রূপ নীচের কোনটি?

A) আমাদের মধ্যে একতা নেই।

B) আমাদের মধ্যে ঐক্য নেই।

C) আমাদের মধ্যে ঐক্যবদ্ধতা নেই।

D) আমাদের মধ্যে একতাবোধ নেই।

IV. নীচের কোনটি সঠিক তা লেখ।

A) শুদ্ধকরণ

B) শুদ্ধিকরণ

C) শুদ্ধীকরণ

D) শুদ্ধকরন

V. দেবী অন্তর্ধান করিলেন। -বাক্যটির সঠিক রূপ নীচের কোনটি?

A) দেবী অন্তর্ধান করলেন।

B) দেবী অন্তর্ধান রইলেন।

C) দেবী অন্তর্হিত হইলেন।

D) দেবী অন্তর্হিত করলেন।

## Section – C: Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text: (MCQ)

**3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন ছয়টি)** (1×6=6)

I. "মাখনকে পুত্রপৌত্রাদিক্রমে ভোগ দখল করিবার পুরা অধিকার দিয়া গেল।"- এখানে কোন জিনিসের কথা বলা হয়েছে?

A) ছিপ

B) লাটাই

C) ঘুড়ি

D) সবগুলি জিনিস।

II. 'আমাদের সঙ্গে একটু কুমিস পান করবে' – একথা বলেছিল

A) মহম্মদ শা ইলিয়াসকে

B) মহম্মদ শা অতিথিকে

C) মহম্মদ শা মোল্লাকে

D)মহম্মদ শা শামশেমাগি

III. "একবাঁও মেলে না। দো বাওঁ মেলে না।"- যারা সুর করে বলে তারা হল-

A) মাঝিরা

B) জেলেরা

C) খালাসিরা

D) ধোবানীরা

IV. মন্তব্য: ওতে আর তোমার হাত দিতে হবে না।

কারণ ক- মামি চায়না ফটিক কোনো কাজে সাহায্য করুক।

কারণ খ- মাঝে মাঝে মামির ফটিকের বেশি কাজ করার আগ্রহকে অনাবশ্যক মনে করে।

এক্ষেত্রে,

A. কারণ ক ও খ দুটোই ঠিক।

B. কারণ ক ও খ দুটোই ভুল।

C. কারণ ক ভুল ও খ ঠিক।

D. কারণ ক ঠিক ও খ ভুল।

V. ফটিক যে মাসে মামার বাড়িতে অসুস্থ হয়েছিল-

A) ভাদ্র

B) আশ্বিন

C) কার্তিক

D) শ্রাবণ

VI. 'সম্বলের মধ্যে রইল শুধু কাঁধে একটা বোঁচকা '- বোঁচকায় ছিল –

A) কম্বল, ঘোড়ার জিন, তাবু

B) লোমের তৈরি কোর্ট, জুতো, আর বুট

C) চা, কুমিস, মাংস, শরবত

D) অনেক মূল্যবান জিনিস

VII. "ফটিক গোটাকতক কাশ উৎপাটন করিয়া...... কাশের গোড়া চিবাইতে লাগিল।"- কোথায়?

A) অর্ধনিমগ্ন নৌকায়।

B) নদীর ধারে।

C) অর্ধনিমগ্ন নৌকার গলুইয়ের মধ্যে।

D) অর্ধনিমগ্ন নৌকার গলুইয়ের ওপর।

VIII. ইলিয়াস কত বছর বয়সে সর্বহারা হয়ে পড়েছিল-

A) ৭২ বছর বয়সে

B) ৭৫ বছর বয়সে

C) ৭৪ বছর বয়সে

D) ৭০ বছর বয়সে

4. **আম আঁটির ভেঁপু থেকে প্রদত্ত প্রশ্নগুলির সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো ( যে কোন চারটি)**

(1×4=4)

I. অপু বাসি কাপড়ে তেলের ভাঁড় ছুঁতে চায় না কেন?

A) মায়ের ভয়ে

B) বাবার ভয়ে

C) অমঙ্গল হবে ভেবে

D) দুর্গার ভয়ে

II. দুর্গাদের বাড়ি থেকে ভুবন মুখুয্যের বাড়ি কয় মিনিটের পথ?

A) দুই মিনিটের

B) তিন মিনিটের

C) চার মিনিটের

D) পাঁচ মিনিটের

III. অজয় কার দলে নাম লেখাবে বলে ঠিক করেছে?

A) আশুতোষ পালের দলে।

B) আশুতোষ দত্তের দলে।

C) আশুতোষ রায়ের দলে।

D) আশুতোষ অধিকারীর দলে।

IV. মন্তব্য: তোমার হাতে এ বইয়ের অপমান হবে না।

কারণ ক) - নরোত্তম দাস জানতেন অপু সেই বই পড়তে পারবে।

কারণ খ) - নরোত্তম দাস জানতেন অপু সেই বইয়ের কদর দেবে।

এক্ষেত্রে,

A. কারণ ক ও খ দুটোই ঠিক

B. কারণ ক ও খ দুটোই ভুল

C. কারণ ক ভুল ও খ ঠিক

D. কারণ ক ঠিক ও খ ভুল

V. চকচকে বাদামী রঙের ডানাওয়ালা কোন পাখি বন-কলমি ঝোপে উড়ে এসে বসে?

A) ময়না

B) টিয়া

C) তোড়ো

D) বউ কথা কও

VI. বুধো গাড়োয়ান তার গাড়ি নিয়ে কোন থানার কাছে এসে পড়েছিল?

A) নবাবগঞ্জ

B) ওয়াটগঞ্জ

C) বেলেডাঙ্গা

D) জিয়াগঞ্জ

## PART – B: (Descriptive Type Questions)

**5. প্রয়োজন অনুযায়ী সন্ধিযুক্ত ও সন্ধি বিচ্ছেদ কর। ( যে কোন পাঁচটি )** (1×5=5)

A) প্রত্যাশা B) ভো + অন C) অধ্যয়ন

D) প্রাণ + অধিক E) সতীশ F) স্ব + অক্ষর

**6. নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন কর। ( যে কোন পাঁচটি )** (1×5=5)

A) আজ খুব শীত । (আবেগবাচক বাক্য)

B) সে ভয়ে আর কথা কহিল না। (ইতিবাচক বাক্য)

C) সে ইতিহাস গোপন থাকাই ভালো। (নেতিবাচক বাক্য)

D) এ তো শুধু খেলা নয়। (প্রশ্নবোধক বাক্য)

E) আর কি পাইব তারে? (নির্দেশক বাক্য)

G) তোমার মঙ্গল কামনা করি। (প্রার্থনাসূচক বাক্য)

## Section – C : Main Course Book & Supplementary Reader/ Non-detailed Text :

7. “এরূপ প্রত্যাশা করিতে তাহার লজ্জাবোধ হইতে লাগিল।”- কার কোন প্রত্যাশার কথা এখানে বলা হয়েছে? (2)

8. A) "এক পাপ থেকে আর এক পাপেই দিন কাটতো।” –বক্তা কে? আলোচ্য উক্তির মধ্য দিয়ে বক্তা চরিত্রের কোন দিকটি ফুটে উঠেছে তা লেখ। (1+2)

B) "যদিও ফটিককে বিদায় করিতে তাহার মায়ের আপত্তি ছিল না।” -কে কোন প্রসঙ্গে কথাটি বলেছিল? ফটিককে বিদায় করতে তার মায়ের আপত্তি ছিল না কেন? (1+2)

9. “...রুমালে চোখ মুছিয়া সস্নেহে ফটিকের শীর্ণ তপ্ত হাতখানি হাতের উপর তুলিয়া লইয়া তাহার কাছে আসিয়া বসিলেন।”- কে কেন সস্নেহে ফটিকের কাছে এসে বসেছিল? গল্পে উদ্দিষ্ট ব্যক্তির যে চরিত্র পরিচয় আমরা পাই তা আলোচনা কর। (2+3)

OR,

‘আসল অবস্থা বুঝে উঠবার আগেই সে একেবারে সর্বহারা হয়ে পড়ল।’- ‘আসল অবস্থা’ বলতে এখানে কি বোঝানো হয়েছে? সে অবস্থা বুঝে উঠবার আগে সে কিভাবে সর্বহারা হয়ে পড়েছিল তা গল্প অনুসারে লেখ।

10. সপ্রসঙ্গ ব্যাখ্যা কর। (5)

"তুমি মাটির দিকে তাকাও, সে প্রতীক্ষা করছে,

তুমি মানুষের হাত ধরো, সে কিছু বলতে চায়।"

OR,

"পল্লীর কোলে নির্বাসিত এ ভাইবোনগুলো হায়,
যাহাদের কথা আধ বোঝা যায়, আধ নাহি বোঝা যায়।"

11. "অনন্তকাল যাদের বেদনা রহিয়াছে শুধু বুকে,
এদেশের কবি রাখে নাই যাহা মুখের ভাষায় টুকে।"

A) এখানে কাদের মুখের ভাষা টুকে না রাখার কথা বলেছেন কবি?

B) যাদের ভাষা কবি লিখে রাখেন নি তাঁর কিভাবে অন্তরের ব্যথা বেদনা প্রকাশ করে কবিতা অনুসারে তা লেখ। (2+3=5)

OR,

"তুমি মাটির দিকে তাকাও, সে প্রতীক্ষা করছে।"

A) কবি কোন প্রসঙ্গে উক্তিগুলি করেছেন?

B) মাটি কেন কিভাবে প্রতীক্ষা করছে কবিতা অনুসারে লেখ ।

12. "দুজনে ভাব হইয়া যায়। ভাব বলিলে ভুল হয়। অপু মুগ্ধ হইয়া যায়।" –

A) দুজনে বলতে এখানে কার কার কথা বলা হয়েছে?

B) অপু কেন মুগ্ধ হয়ে গিয়েছিল তা আলোচনা কর। (2+3=5)

13. "দাদুর কাছে আসিবার আকর্ষণ তাই তাহার এত প্রবল।" –

A) 'দাদু' এবং 'তাহার' বলতে কার কার কথা বলা হয়েছে?

B) দাদুর কাছে আসার আকর্ষণ তার প্রবল কেন? (2+3=5)

OR,

"হলামই বা গরিব,হাজার হোক পণ্ডিতবংশ তো বটে।"-

A) কার কখন একথা মনে হয়েছিল?

B) কেন বক্তার একথা মনে হয়েছিল তা আলোচনা কর।

## Section – D: Creative Writing

14. **নিম্নলিখিত বিষয় অনুসারে একটি প্রতিবেদন রচনা করো।** 6

শারীরিক প্রতিবন্ধকতা সত্ত্বেও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় বে-নজির কৃতিত্ব অখ্যাত গ্রামের এক ছাত্রীর।

OR,

বাংলা ভাষা ও সাহিত্য প্রতিযোগিতায় সকলের নজর কাড়ল দিল্লি পাবলিক স্কুল, হাওড়া।

15. **নিম্নলিখিত বিষয় অনুসারে একটি বিজ্ঞপ্তি রচনা করো।** 6

তোমাদের বিদ্যালয়ের অষ্টম থেকে দ্বাদশ শ্রেণীর ছাত্র ছাত্রীদের জন্য আয়োজন করা হচ্ছে একটি রচনা প্রতিযোগিতা। রচনার বিষয় প্রতিযোগিতার দিন জানানো হবে। বিদ্যালয়ের সাহিত্য সম্পাদক হিসেবে একটি বিজ্ঞপ্তি রচনা কর।

OR,

সম্প্রতি আসামে যে বন্যা হয়ে গেল তার ফলে বহু মানুষ গৃহহারা। তোমার বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের কাছ থেকে জামাকাপড় বা অর্থ সাহায্যের আবেদন জানিয়ে বিদ্যালয়ের ছাত্র আধিকারিক হিসেবে একটি বিজ্ঞপ্তি রচনা কর।